ফেব্রুয়ারী/২০২০ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
জেলাঃ রাজশাহী

সভাপতি : মো. হামিদুল হক
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী
তারিখ : ১৬/০২/২০২০ খ্রি.
সময় : বেলা ০১.০০ ঘটিকা

আলোচনা – ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ দৃঢ়িকরণ করা হয়।

আলোচনা -২: ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী চলতি ফেব্রুয়ারী/২০ মাসের রাজশাহী জেলার ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ ও অনুত্তোলিত সারের পরিমান নিম্নোক্ত ছকে উল্লেখ করেন।

#	উপজেলার নাম	ইউরিয়া				টিএসপি				এমওপি				ডিএপি			
		বরাদ্দ	উত্তোলন	উত্তোলন অবশিষ্ট	মজুদ	বরাদ্দ	উত্তোলন	উত্তোলন অবশিষ্ট	মজুদ	বরাদ্দ	উত্তোলন	উত্তোলন অবশিষ্ট	মজুদ	বরাদ্দ	উত্তোলন	উত্তোলন অবশিষ্ট	মজুদ
১	পাবা	৮৯৫	৪৩৭	৪২২	৯৮২	১৭৫	২১	২৯১	২৩৩	২২৪	৫৩	৫২৭	৪৪৫	৬৩৮	২৭৭	৪৬৩	২৬০
২	তানোর	১১৮৩	৪৭৪	৪৩৩	৪১৮	২৭২	৯৮.৫	৬২৪	১৩৫	৪৫৮	৩৬১	১৫৪৭	২১২	৯৪০	৭৭২	১০৮৮	১৮৫
৩	মোহনপুর	৮৫৭	২৫০	২৪৩	৩১৭	৯৮	৪৩.৯	১৫৩	৭৪	২০৪	৮১	৫২০	১৬৬	৫৮০	২৬১	৬২৬	২০৮
৪	বাগমারা	১৭৩২	৪৫৪	২৬৭	৮৭০	২৭৮	১৩২	৩৬৮	৪১৭	৩৮০	১৫৫	৯১১	৫৮১	১২৮৪	৮৯৭	৭২০	৯০৩
৫	দুর্গাপুর	৯৩৬	৩৫৭	৫১১	৪৫৭	১৬১	১১৩	৩২৩	২০২	২৩১	৩৮	৮৩৩	২৫৮	৫৪১	৩১৪	৫৮৫	২১২
৬	পুঠিয়া	১১৭৬	২২৭	৯০	৪৬৩	২০০	৮৩	২৩২	১৪৬	৩২০	১৩১	৭৩৯	১৯৪	৫৫৮	৩২৭	৪২৬	১৭১
৭	গোদাগাড়ী	২১৩৮	৩৬১	৩০৭	৫৪৩	৩৪৫	৯.৫	৫৫০	২০৬	২৬৪	১২২	৭৮৬	১৯৯	১০১৫	৫১১	৮৯৫	২৪২
৮	চারঘাট	২৪৩	৫৮	২১৯	২৩০	১০০	৫১	২৫৬	৮৯	১২২	৫০	৫৮৫	৬৫	১০৩	৬৪	২১২	১৭
৯	বাঘা	২৮২	১৯৮	৫২	২৯৪	১০৫	৫৫.৫	১৯০	২২১	৬৬	৪৩	৪৩৬	১২৩	৩৭৪	১০৫	৩১৫	১০৩
১০	বোয়ালিয়া	২৫	১৭	৩১	১৬	১০	২	৩৯	৪	৮	২১	৩২	২০	১০	২০	৪৪	১৮
১১	মতিহার	২৫	১৮	১৮	৮	১০	৬	১৫	৩	৭	৯	৩৫	৪	১১	৬	৩৮	৪
	মোট	৯৪৯২	২৮৫১	২৫৯৩	৪৫৯৮	১৭৫৪	৭০০	৩০৪২	১৭৩০	২২৮৪	১০৬৪	৬৯৫৪	২২৬৭	৬০৫৪	৩৫৫৩	৫৪১৪	২৩২৩

তিনি আরও বলেন যে, রাজশাহী বাফার গুদামে ১০৮৯২মেঃটন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ৩২৫০ মেঃটন, এমওপি ১৬৯৮ মেঃটন এবং ডিএপি ২৭৪৯ মেঃটন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ৮০০/- টাকায় বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২৪৭১ মেঃটন, টিএসপি ৮৫৫ মেঃটন, এমওপি ১৩২১ মেঃটন এবং ডিএপি ১৭০৬ মেঃটন। তিনি আরও বলেন কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখার স্মারক নং ১২.০০.০০০০.০৩০.৪০.১৯৮.১৯-৬০, তারিখ ১১/০২/২০২০ খ্রি: পত্রে মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম জোরদার করাসহ ফেব্রুয়ারী/২০২০ মাসের বরাদ্দকৃত সারের উত্তোলনের তথ্য (বিশেষ করে বিসিআইসি হতে বরাদ্দকৃত সারের) আগমনি বার্তা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সুত্রস্থ পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) সকল সার ডিলারকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

(২) ডিলার কর্তৃক উত্তোলিত ফেব্রুয়ারী/২০২০ মাসের বিসিআইসির বরাদ্দকৃত ডিএপি সারের আগমনি বার্তা জরুরী ভিত্তিতে উপজেলা কৃষি অফিসারগণ উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহীর মাধ্যমে কৃষি মন্ত্রণালয় বরাবরে প্রেরণের ব্যবস্থা করবেন।

আলোচনা – ৩: বিএডিসি'র বীজ বিক্রয় ।

উপপরিচালক(বীজ বিপণন), বিএডিসি, রাজশাহী বলেন যে, চলতি রবি মৌসুমের বরাদ্দকৃত বীজ সমুহের মধ্যে গ্রীস্মকালীন সবজি ৩১৪ মে.টন, ধান বীজ ১০৮ মে.টন এবং ০.৯৭ মেঃটন তিল বীজ অবিক্রিত রয়েগেছে। এ সকল বীজ বিক্রয়ের জন্য তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতা কামনা করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : বিএডিসি'র বীজ ডিলারগণ সময়মত বীজ উত্তোলন করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে বীজের আগমনী বার্তা প্রদান করবেন ও সমুদয় বীজ বিক্রয়ের বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় সহযোগিতা করবেন ।

সভাপতি, বিএফএ, রাজশাহী সভাকে জানান মেসার্স আঃ আজিজ, বিসিআইসি সার ডিলার বাঘা এর মালিক মোঃ আব্দুল আজিজ গত ০৪/০২/২০২০ইং তারিখে মৃত্যুবরণ করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হামিদুল হক
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০৭২১-৭৭২০৫০(অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী

স্মারক নং ১২.০১.৮১০০.০০০.০৬.০০২.১৯- ৪৬৪(৫৫) তারিখঃ 27.02.2020

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১২. জেলা প্রশাসক, রাজশাহী।
১৩. পুলিশ সুপার, রাজশাহী।
১৪. -৫৫.
....(কমিটির সকল সদস্য)
....
....

27/02/20
উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০৭২১-৭৬১৫০৩